



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
আইসিটি শাখা
www.khulna.gov.bd

“ডিজিটাল বাংলাদেশের অর্জন
উপকৃত সকল জনগণ”



স্মারক নম্বরঃ ৫৬.৪৪.৪৭০০.০৩২.২৯.০০৬.২১-২১৭

তারিখঃ ০৩/১২/২০২১খ্রি.

বিষয়: ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ উদ্বোধন উপলক্ষ্যে অনলাইন কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ


সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর স্মারক নং-: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০১.২১.১১৫৯, ২৯ নভেম্বর, ২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশের সাফল্য ও অর্জন সকল জনগণের নিকট উপস্থাপন, তথ্যপ্রযুক্তি ব্যবহারে সচেতনতা বৃদ্ধি, তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন ভবিষ্যৎ প্রজন্ম সৃষ্টি, আইসিটি শিল্প বিকাশে গবেষণা ও উদ্ভাবনে উদ্বুদ্ধকরণ, ডিজিটাল সক্ষমতা উন্নয়ন এবং তথ্যপ্রযুক্তি খাতে অনন্য অবদানের জন্য স্বীকৃতি প্রদানের লক্ষ্যে প্রতিবছরের ন্যায় আইসিটি বিভাগের উদ্যোগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় ১২ ডিসেম্বর ২০২১ তারিখে জাতীয়ভাবে দেশব্যাপী ও আন্তর্জাতিকভাবে ৫ম “ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১” (ভৌত ও অনলাইন ভিত্তিক) উদ্বোধিত হবে। ২০২১ সাল মাননীয় প্রধানমন্ত্রীর “রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ” এর আলোকে এবারের “ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১”-এর প্রতিপাদ্য “ডিজিটাল বাংলাদেশের অর্জন, উপকৃত সকল জনগণ”।

এ উপলক্ষে কেন্দ্রিয় পর্যায়ে শুরু হয়েছে অনলাইন কুইজ প্রতিযোগিতা। অনলাইন কুইজ প্রতিযোগিতায় রেজিস্ট্রেশন করতে ভিজিট করুন quiz.digitalbangladesh.gov.bd। প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলি নিম্নরূপ :

রেজিস্ট্রেশন চলবে	৩০ নভেম্বর-৯ ডিসেম্বর ২০২১
প্রতিযোগিতার তারিখ	১০ ডিসেম্বর ২০২১ সন্ধ্যা ৭টা থেকে ৮টার মধ্যে যেকোনো ১১ মিনিট
অংশগ্রহণ করতে পারবেন	গ্রুপ ক: ৮-১২ বছর গ্রুপ খ: ১৩-১৮ বছর গ্রুপ গ: ১৯-তদুর্ধ্ব বছর
পুরস্কার	১২টি অত্যাধুনিক ল্যাপটপ ও ৯টি স্মার্টফোন

এমতাবস্থায়, ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ উদ্বোধন উপলক্ষ্যে কেন্দ্রিয় পর্যায়ে অনলাইন কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনলাইন রেজিস্ট্রেশন এবং বহল প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৬/১২/২০২১

দেবাশীষ বসাক

সহকারী কমিশনার (আইসিটি)

ফোনঃ ০২৪৭৭৭২৬৮৬৪ (অফিস)

ই-মেইল: khulnaict@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার (সকল)
খুলনা

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে):

১. জেলা শিক্ষা অফিসার, খুলনা (জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা (জেলার সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৩. অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সকল শিক্ষা প্রতিষ্ঠান), খুলনা (কেন্দ্রিয়ভাবে অনলাইন কুইজ প্রতিযোগিতায় ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন ও অংশগ্রহণ নিশ্চিতকরণ অনুরোধসহ)
৪. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা
৫. সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, খুলনা (অনলাইন কুইজ প্রতিযোগিতায় রেজিস্ট্রেশন ও অংশগ্রহণের অনুরোধসহ)
৬. থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) খুলনা (তৌর থানা/উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. পিএ টু জেলা প্রশাসক (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. সিএ টু অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), (অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. অফিস কপি